



## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

শিক্ষাবর্ষঃ ২০১৮-২০১৯

তারিখঃ ২০.০২.২০১৯

১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে নির্বাচিত শিক্ষার্থীর ভর্তি ফিস/অতিরিক্ত ভর্তি ফিস (প্রযোজ্য ক্ষেত্রে)  
ও SIF পূরণ এবং আইডি বিষয়ে করণীয় সংক্রান্ত বিজ্ঞপ্তি :

এতদ্বারা ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত/নির্বাচিত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে

১. ৯ম বা চূড়ান্ত পর্যায়ে নির্বাচিত সকল ছাত্র/ছাত্রীর (সাধারণ/কোটার আসনে) অনলাইনে SIF পূরণ ও অগ্রণী ব্যাংক, চ.বি. শাখায় ভর্তি ফিস জমা সংক্রান্ত কার্যক্রম আগামী ২৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ থেকে ২৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

২. চূড়ান্ত (৯ম) পর্যায়ে স্বয়ংক্রিয় মাইগ্রেশন প্রক্রিয়ার মাধ্যমে বিষয়/বিভাগ/ইনস্টিটিউট পরিবর্তন হয়েছে তাদেরকে নতুন মনোনয়নপ্রাপ্ত বিভাগ/ইনস্টিটিউটে যোগাযোগপূর্বক বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

এ সকল শিক্ষার্থীদের (মাইগ্রেশনের মাধ্যমে যাদের বিষয়/বিভাগ/ইনস্টিটিউট পরিবর্তনকৃত) অনলাইনে SIF পূরণ এবং অগ্রণী ব্যাংক, চ.বি. শাখায় অতিরিক্ত ভর্তি ফিস (প্রযোজ্য ক্ষেত্রে) জমা সংক্রান্ত কার্যক্রম আগামী ২৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ থেকে ২৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

৩. বিভিন্ন কোটায় চূড়ান্ত পর্যায়ে মাইগ্রেশন প্রক্রিয়ার মাধ্যমে যাদের বিষয়/বিভাগ/ইনস্টিটিউট পরিবর্তন হয়েছে তাদেরকে নতুন মনোনয়নপ্রাপ্ত বিভাগ/ইনস্টিটিউটে যোগাযোগপূর্বক বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

এ সকল শিক্ষার্থীদের (মাইগ্রেশনের মাধ্যমে বিষয়/বিভাগ/ইনস্টিটিউট পরিবর্তনকৃত) অনলাইনে SIF পূরণ এবং অগ্রণী ব্যাংক, চ.বি. শাখায় অতিরিক্ত ভর্তি ফিস (প্রযোজ্য ক্ষেত্রে) জমা সংক্রান্ত কার্যক্রম আগামী ২৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ থেকে ২৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

৪. যে সকল ছাত্র-ছাত্রীর ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্যায়ে স্বয়ংক্রিয় মাইগ্রেশন প্রক্রিয়ার মাধ্যমে বিষয়/বিভাগ/ইনস্টিটিউট পরিবর্তন হয়েছে কিন্তু যারা অদ্যাবধি পরিবর্তিত বিভাগ/ইনস্টিটিউটের আইডি সংযোজনপূর্বক অনলাইনে SIF পূরণ করেনি তাদেরকে আগামী ২৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের মধ্যে পরিবর্তিত আইডি সংযোজনপূর্বক অনলাইনে SIF পূরণ এবং অগ্রণী ব্যাংক, চ.বি. শাখায় অতিরিক্ত ভর্তি ফিস (প্রযোজ্য ক্ষেত্রে) জমা সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য, সকল ক্ষেত্রে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীদের আইডি আইসিটি সেল, চ.বি. সরবরাহ করবে।

উক্ত সময়সীমার মধ্যে ভর্তির জন্য নির্বাচিত কোন ছাত্র/ছাত্রী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে তাদের ভর্তির প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

এ সম্পর্কিত তথ্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে (<http://www.admission.cu.ac.bd>)

পাওয়া যাবে এবং প্রয়োজনে হেল্প ডেস্কে যোগাযোগ করা যাবে।

আদেশক্রমে-

(এস. এম. আকবর হোছাইন)

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)

রেজিস্ট্রার দপ্তর

ও সচিব, ভর্তি কমিটি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।